

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৭, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ আশ্বিন, ১৪২৯/২৭ সেপ্টেম্বর, ২০২২

বিষয় : বাতিলকৃত ফর্মে দাখিলকৃত গোপনীয় অনুবেদন নাকচ এবং নম্বর গণনা প্রসঙ্গে।

নং ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬(অংশ-২)-৮৬—উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গোপনীয় অনুবেদন ফর্ম এবং এ সংক্রান্ত ২০১২ সনের অনুশাসনমালা বিগত ০৭ জানুয়ারি, ২০২১ সালে গেজেটের মাধ্যমে বাতিলপূর্বক নতুন গোপনীয় অনুবেদন ফর্ম এবং গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ জারি করা হয়েছে। গোপনীয় অনুবেদন ফর্মটি ০২ জুন, ২০২১ তারিখে পূর্ণবিন্যাসপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) আপলোড করা হয়েছে। নতুন ফর্ম এবং অনুশাসনমালা অসামরিক প্রশাসনে নিয়োজিত ৯ম গ্রেড ও তদুর্ধ্ব প্রায় সকল কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য। প্রাপ্ত বিভিন্ন তথ্য পর্যালোচনা করে আশংকা করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে অনেক কর্মকর্তা বাতিলকৃত ফর্মে ২০২১ সনের এসিআর দাখিল করেছেন। বাতিলকৃত ফর্মে কিন্তু যথাসময়ে দাখিল করা এ বিপুল সংখ্যক কর্মকর্তার এসিআর নাকচ করা হলে তাদের পদোন্নতি ও পদায়ন এবং অন্যান্য ক্ষেত্রে ব্যাপক প্রশাসনিক জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

( ১৫৫৯৯ )

মূল্য : টাকা ৪.০০

এমতাবস্থায়, ০২ জুন, ২০২১ তারিখের পূর্বের ফর্মে দাখিলকৃত এসিআরসমূহ বাতিলপূর্বক বিশেষ বিবেচনায় নিম্নবর্ণিত পদ্ধতিতে গড় নম্বর প্রদানের জন্য সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, এ বিধান কেবলমাত্র ২০২১ সনের এসিআরের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ক) অনুবেদনাধীন কর্মচারী কর্তৃক যথানিয়মে যথাসময়ে দাখিল করা হলে প্রমাণক যাচাই অন্তে তাঁর কোনো ত্রুটি না থাকলে তাকে অব্যাহতি প্রদানপূর্বক তাঁর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের প্রাপ্ত এসিআর এর গড় নম্বর প্রদান করবেন। তবে পূর্ববর্তী এসিআর এর সংখ্যা ০৩ (তিন) বছরের কম হলে প্রাপ্ত এসিআর এর ভিত্তিতে গড় নম্বর প্রদান করতে হবে।

খ) অনুচ্ছেদ 'ক' অনুযায়ী অনুবেদনাধীন কর্মচারীর পূর্ববর্তী কোনো এসিআর না থাকলে ৯৪ (চুরানব্বই) নম্বর প্রদান করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

মোঃ তোফাজ্জল হোসেন  
অতিরিক্ত সচিব (সিআর)।